গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৩২.২২/ ২০

তারিখঃ ০৩ পৌষ, ১৪২৯ / ১৮ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশিকা (Guidelines)।

রূপকল্প ২০৪১ বাস্তবে রূপায়ণের লক্ষ্যে প্রণীত বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই ২০২১-জুন ২০২৫) এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর উন্নয়ন কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহের আলোকে গৃহীত অর্থনৈতিক খাতভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)। জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও দ্রুত দারিদ্র্য নিরসনের লক্ষ্যে প্রণীত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধনের কাজ শুরু করা হয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের সময় ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে প্রদত্ত বরাদ্দ সংশোধন, আরএডিপিতে অন্তর্ভুক্তিযোগ্য অনুমোদিত নতুন প্রকল্পে বরাদ্দ প্রদান এবং আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প ও বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে প্রতিফলিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তিসহ অন্যান্য ক্ষেত্রে এ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করা প্রয়োজন।

**২। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার ও অর্থনৈতিক খাত/উপ-খাত(সেক্টর/সাব-সেক্টর)/প্রকল্পভিত্তিক বরাদ্দ নির্ধারণ এবং অনুমোদন প্রক্রিয়া:**

২.১ সকল সংস্থা নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে চলমান ও নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পওয়ারী বরাদ্দের প্রাথমিক চাহিদা ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারি প্রাথমিক বরাদ্দ চাহিদা AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা যথারীতি AMS-এর মাধ্যমে সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

২.২ দেশের সামষ্টিক অর্থনৈতিক অবস্থা বিশেষ করে অর্থনৈতিক প্রবৃদ্ধি, মুদ্রাস্ফীতি, সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগ চাহিদা, সম্পদের লভ্যতা, স্থানীয় সম্পদ সংগ্রহ এবং বৈদেশিক সাহায্যের প্রাপ্তি ও ব্যবহারের সক্ষমতা, অর্থ ব্যয়ের ধারা ও সামষ্টিক অর্থনৈতিক বাস্তবতা ইত্যাদি বিবেচনায় নিয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ করা হয়। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ আরএডিপি'র জন্য প্রাক্কলিত মোট সম্পদ (স্থানীয় উৎস ও বৈদেশিক উৎসের বিভাজনসহ) নির্ধারণপূর্বক পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আরএডিপি'র জন্য সেক্টর ভিত্তিক ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য; জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক যুগপৎভাবে সেক্টর বিভাগ এবং কার্যক্রম বিভাগকে অবহিত করবে।

২.৩ অর্থ বিভাগ কর্তৃক আরএডিপি'র মোট আকার নির্ধারণের পর কার্যক্রম বিভাগ অর্থনৈতিক সেক্টর ভিত্তিক অগ্রাধিকার, চলমান প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিবেচনা করে অর্থনৈতিক খাত/উপখাত ভিত্তিক ও মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে।

C:\Users\HP\Desktop\RADP 2022-23 Guideline.docx

২.৪ অর্থনৈতিক খাত/উপখাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক চূড়ান্ত বরাদ্দের এক কপি কার্যক্রম বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করবে এবং আরও একটি কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে প্রদান করবে। অতঃপর, পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের সাথে আলোচনার মাধ্যমে সম্মত প্রকল্পওয়ারী পুন:নির্ধারিত চূড়ান্ত বরাদ্দ মন্ত্রণালয়/বিভাগ AMS-এ অন্তর্ভুক্তি/হালনাগাদপূর্বক সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মনে না হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে।

৩। প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য সাধারণ নির্দেশাবলি

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে সকল উদ্যোগী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) ভিত্তিক বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণ করবেঃ

৩.১ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে। নতুন অনুমোদিত প্রকল্প অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারিসহ AMS সফটওয়্যারে অন্তর্ভুক্তি ব্যতীত আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না। নতুন অনুমোদিত প্রকল্পের অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশসহ বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.২ দারিদ্র্য বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে আরএডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.৩ আরএডিপিতে অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ খাত, দারিদ্র্য হ্রাসকরণ এবং প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, অতিবৃষ্টি ইত্যাদির ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে বরাদ্দ প্রদানে অগ্রাধিকার দিতে হবে;

৩.৪ আরএডিপিতে অর্থ বরাদ্দ প্রদানে সরকারি - বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক প্রকল্প (Link Project) গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে;

৩.৫ বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পে চলতি অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৩.৬ আরএডিপিতে এলাকা/অঞ্চল ভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

৩.৭ সম্পদের সীমাবদ্ধতা বিবেচনা করে সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প সমাপ্ত করার উপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৩.৮ ধীর গতি সম্পন্ন প্রকল্প বা রুগ্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন প্রকল্পে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে;

৩.৯ আরএডিপি'র খাত ও উপ-খাত (সেক্টর/সাব-সেক্টর) এর নির্ধারিত স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে অগ্রাধিকারের ভিত্তিতে নিজস্ব মন্ত্রণালয়ের আন্তঃ প্রকল্প বরাদ্দ সমন্বয় করা যাবে;

৩.১০ অনুমোদিত ডিপিপিতে প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে সংস্থানকৃত অর্থ ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিত এ খাতের অর্থ কোন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না;

৩.১১ জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) স্থানীয় উৎস হিসেবে বিবেচিত হবে;

৩.১২ যে সকল প্রকল্পে জিওবি বা প্রকল্প সাহায্য এর পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার অর্থায়ন রয়েছে সে সকল প্রকল্পের ক্ষেত্রে স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ প্রতিফলন করতে হবে; এবং

৩.১৩ আরএডিপি প্রণয়ন নির্দেশিকায় প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (অর্থাৎ সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) আরএডিপি প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব প্রেরণের নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে AMS-এর মাধ্যমে তথ্যাদি প্রেরণের সুযোগ বন্ধ হয়ে যায় বিধায় নির্ধারিত সময়ের মধ্যে সকল তথ্য পরবর্তী পর্যায়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

## ৪। চলতি ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের মূল এডিপি বরাদ্দ সংশোধনে অনুসৃতব্য নির্দেশনাঃ

৪.১ প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত ব্যয়ের নিরিখে চলতি অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে অর্থবছরের বাকি সময়ে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় আরএডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে;

৪.২ চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প আবশ্যিকভাবে চিহ্নিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতি সম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে;

৪.৩ অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে কোন চলতি প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হয়েছে এমন প্রকল্পে সংশোধিত বরাদ্দ প্রস্তাব প্রতিফলন করতে হবে;

৪.৪ কোন চলতি প্রকল্পে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে তা যেন ইতোমধ্যে ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়;

৪.৫ প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনায় রেখে ২০২২-২৩ অর্থবছরে যুক্তিসংগত এবং সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য বরাদ্দের প্রস্তাবকরতেহবে;

৪.৬ প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ), ডিআরজিএ ও ডিআরজিএসিএফ বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে;

৪.৭ সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (সিডি ভ্যাট) হার এবং আমদানী পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডি ভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে;

৪.৮ প্রকল্পের জিওবি বরাদ্দ অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে বাস্তবতার নিরিখে তা যথাযথভাবে নির্ধারণপূর্বক আরএডিপিতে প্রতিফলনের জন্য AMS সিস্টেম এর বৈদেশিক মুদ্রার ঘরে প্রস্তাব করতে হবে;

৪.৯ অনুমোদিত/সংশোধিত অননুমোদিত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না। এছাড়া সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় (আরএডিপি ছকের কলাম-৪) প্রতিফলন করতে হবে। সংশোধিত অননুমোদিত প্রকল্প সুনির্দিষ্ট করে চিহ্নিত করতে হবে; এবং

৪.১০ প্রকল্পের প্রস্তাবিত বরাদ্দের খাত ভিত্তিক (টাকা, প্রকল্প সাহায্য, টাকাংশ, মূলধন, রাজস্ব, সিডি ভ্যাট, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি) বিভাজনের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না।

## ৫। অনুমোদিত নতুন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য নির্দেশনাঃ

৫.১ এডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত অথবা পরবর্তীতে আন্ত:মন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভায় সুপারিশসহ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর পূর্বানুমোদনপূর্বক নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত কোন

বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা প্রকল্প অনুমোদিত হলে (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ জারি হতে হবে) সেসব প্রকল্প অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশসহ AMS সিস্টেমে আপলোড করার পর AMS এর মাধ্যমে আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;

৫.২ নতুন অনুমোদিত কোন প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে কোন অর্থ ছাড় করা হয়ে থাকলে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়;

৫.৩ চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অপরিহার্য নতুন প্রকল্পের জন্য বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৫.৪ কোন বৈদেশিক সহায়তাপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সাহায্য বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করা যাবে;

৫.৫ যে সকল অনুমোদিত নতুন প্রকল্পের ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান রয়েছে সে সকল প্রকল্পে ১ম বছর শুধুমাত্র জমি অধিগ্রহণসহ প্রকল্প শুরু করার জন্য যে সকল কার্যক্রম প্রয়োজন শুধুমাত্র সে জন্য প্রয়োজনীয় অর্থ আরএডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে।

৫.৬ প্রকল্পওয়ারি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপির বরাদ্দের পাশাপাশি ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS System-এ অন্তর্ভুক্ত করতে হবে।

**৬। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তি:**

সংশোধিত এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা ও নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে যথাযথ যৌক্তিকতাসহ আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণ করতে হবেঃ

৬.১ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই ২০২১-জুন ২০২৫)'র উন্নয়ন ফলাফল কাঠামোতে (Development Results Framework) চিহ্নিত ক্ষেত্রসমূহের এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে। সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত না হলে জিওবি অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে।

৬.২ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ স্বয়ংক্রিয়ভাবে আরএডিপিতে অন্তর্ভুক্ত হবে না, প্রয়োজনীয় প্রকল্প নতুনভাবে প্রস্তাব করতে হবে। আরএডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার জন্য এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্প তালিকা সংশোধন ও হালনাগাদ করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে জাতীয় গুরুত্ব বিবেচনায় অন্য প্রকল্পের প্রস্তাব করা যাবে। তাছাড়া, বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নুতন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব অননুমোদিত নতুন প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ২৯ শে ডিসেম্বর, ২০২২ এর মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়া যাবে শুধু সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা যাবে। যে সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়ার পর মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ প্রদান করা হয়েছে ঐ সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে পাওয়া যায়নি মর্মে বিবেচিত হবে;

- কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর উক্ত কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদিত না হয়ে থাকলে সে প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব (যদি থাকে) পৃথকভাবে প্রণয়ন না করে সেগুলোকে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;
- এডিপিভুক্ত বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্পের মধ্যে কম অগ্রাধিকারপ্রাপ্ত/কম গুরুত্বপূর্ণ প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;
- প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে এমন প্রকল্পও প্রস্তাব করতে হবে;

৬.৩ যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৬.৪ সীমিত সম্পদের সুষ্ঠু বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিতকরণে আবশ্যিকভাবে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে;

৬.৫ বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৬.৬ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক অননুমোদিত নতুন প্রকল্প (Link Project) অগ্রাধিকার পাবে।

৬.৭ আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ তথা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব উপশম বিবেচনায় নিতে হবে;

৬.৮ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনা পূর্বক প্রকল্প প্রস্তাব করতে হবে;

৬.৯ উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে এবং Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)-এ বর্ণিত থিমেটিক এরিয়া ও প্রোগ্রামের সাথে গৃহীত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে;

৬.১০ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক তহবিল হতে অর্থায়ন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে;

৬.১১ যে সকল প্রকল্প প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭ (সংশোধনীসহ) এবং প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬.১২ যে সকল বিনিয়োগ প্রকল্পে সরকারের অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নের সংস্থান থাকবে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬.১৩ যে সকল প্রকল্পের ডিপিপি/টিএপিপি/পিএফএস অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে রয়েছে (অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ইত্যাদি) এ সকল প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২২-২৩ অর্থ বছরের

আরএডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে। উল্লেখ্য, ডিপিপি প্রণীত হয়নি এমন কোন প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৬.১৪ বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন শ্রেণি পেশার জনগণের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তা সৃষ্টি ইত্যাদি বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের সুযোগ রয়েছে বিধায় সরকারি-বেসরকারি অংশীদারিত্বে প্রশিক্ষণধর্মী প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে;

৬.১৫ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সফটওয়্যার শিল্প ও তথ্য প্রযুক্তি সেবা বিকাশের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিমূলক প্রকল্প গ্রহণে বিশেষ গুরুত্ব দিতে হবে;

৬.১৬ প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য ও কার্যক্রম সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভগের লক্ষ্যমাত্রা, জাতিসংঘ ঘোষিত এসডিজি'র অভিষ্ট ও লক্ষ্যমাত্রা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজেনেস-এর সাথে সংযোগ স্থাপনপূর্বক প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা এবং মধ্যমেয়াদী বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপন ও চলমান প্রকল্পে দায় বিবেচনায় প্রকল্পটি কীভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS সফটওয়্যারের 'মন্তব্য বক্সে লিপিবদ্ধ করতে হবে; এবং

৬.১৭ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাব সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং অন্যান্য নীতি কৌশলের আলোকে আর্থ-সামাজিক উন্নয়ন প্রস্তাবিত প্রকল্পটির প্রভাব বিশ্লেষণ এবং অর্থায়নের সম্ভাব্য পরিকল্পনাসহ প্রকল্পটি গ্রহণ বা বাতিলের স্বপক্ষে যৌক্তিকতা/মতামত সুস্পষ্টভাবে AMS সফটওয়্যারের 'মন্তব্য' বক্সে লিপিবদ্ধ করতে হবে।

**৭। বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পঃ**

বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত ADP/RADP Management System এর মাধ্যমে প্রেরণ করতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

**৮। সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পঃ**

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ আরএডিপিতে প্রতিফলন করতে হবে। সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য AMS এর মাধ্যমে আরএডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।

**৯। ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পঃ**

৯.১ গত ১৭/০৫/২০২২ তারিখে এনইসি সভায় জুন ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত ৩০টি প্রকল্প সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পসমূহ আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে যে ৩০টি প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল প্রকল্প আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে।

৯.২ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত ৩০৯টি প্রকল্পের তথ্য হালনাগাদ করতে হবে।

৯.৩ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত যেসকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত না থাকা সত্ত্বেও সমাপ্ত করা সম্ভব হবে সেসকল প্রকল্পের তালিকা প্রেরণ করতে হবে।

৯.৪ উপ অনুচ্ছেদ ৯.১-৯.৩ অনুযায়ী যেসকল প্রকল্প ২০২২-২৩ অর্থবছরের সমাপ্তির জন্য নির্ধারণ করা হবে সেসকল প্রকল্পের তালিকা হার্ডকপি আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে এবং AMS এ সমাপ্তির জন্য নির্ধারিত বক্সটি সঠিকভাবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে।

১০। ২০২২-২৩ অর্থবছরে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে গৃহীতব্য প্রকল্পঃ

এছাড়া এডিপিতে সংযুক্ত সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প তালিকা সংশোধন করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক-১' ও সংক্ষিপ্ত সার ছক 'ক-২', অনুসারে প্রচলিত নিয়মে হার্ডকপিসহ প্রেরণ করতে হবে।

১১। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| (ক) নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | সকল প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, বৈদেশিক সাহায্যপুষ্ট, সমীক্ষা প্রকল্প) প্রস্তাব AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ০৫/০১/২০২৩ |
| ২ | সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, বৈদেশিক সাহায্যপুষ্ট, সমীক্ষা প্রকল্প) প্রস্তাব উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ১০/০১/২০২৩ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, বৈদেশিক সাহায্যপুষ্ট, সমীক্ষা প্রকল্প) প্রস্তাব আরএডিপি প্রণয়নের নির্দেশিকার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১৫/০১/২০২৩ |

| (খ) চলমান ও নতুন অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ, কারিগরি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) এর অনুকূলে বরাদ্দ প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | সকল প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে আরএডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা নির্ধারিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক হার্ডকপি ও AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ০৫/০১/২০২৩ |
| ২ | সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক নির্ধারিত ছকে হার্ডকপি ও AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ১০/০১/২০২৩ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা আরএডিপি'র নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে এবং হার্ডকপি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১৫/০১/২০২৩ |

১২। উপরিউক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-১০) এবং অনুচ্ছেদ-১১(ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি কার্যক্রম বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত AMS সংক্রান্ত পত্রের নির্দেশসমূহ অনুসরণ করে আবশ্যিকভাবে AMS (ADP/RADP Management System) (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৮/১২/২০২২

(মোঃ মামুন-আল-রশীদ)
সদস্য (কার্যক্রম)
পরিকল্পনা কমিশন
ফোনঃ ৯১৮০৭০০

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
.................................................................. মন্ত্রণালয়/বিভাগ।
...........................................................................................।

C:\Users\HP\Desktop\RADP 2022-23 Guideline.docx

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৩২.২২/ ২০

তারিখঃ ০৩ পৌষ, ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সকল),পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।

১৮/১২/২২

(উম্মে হাসিনা)
উপপ্রধান
ফোনঃ ৪৮১১৪৩২৫

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৩২.২২/ ২০

তারিখঃ ০৩ পৌষ, ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে প্রেরণের অনুরোধসহ স্মারকের অনুলিপি প্রেরণ করা হলঃ

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ---------
-----------------------------------------------------------------------------------------------------------।

১৮/১২/২২

(উম্মে হাসিনা)
উপপ্রধান
ফোনঃ ৪৮১১৪৩২৫

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ------------------------------, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা **(২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশিকাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।**

*২০২২-২৩ **অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশিকাটি** পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে **(www.plandiv.gov.bd)** পাওয়া যাবে।

C:\Users\HP\Desktop\RADP 2022-23 Guideline.docx

## ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
সাব-সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০২১-২২ অর্থবছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

## ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগের নাম | : | |
| ২। | বাস্তবায়নকারী সংস্থা | : | |
| ৩। | সেক্টর | : | |
| ৪। | সাব-সেক্টর | : | |
| ৫। | প্রকল্পের নাম | : | বাংলায় -<br>ইংরেজীতে- |
| ৬। | বাস্তবায়নকাল | : | |
| ৭। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | মোট-<br>স্থানীয় মুদ্রা-<br>বৈদেশিক মুদ্রা- |
| ৮। | অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) | : | মোট-<br>উদ্যোক্তা -<br>জিওবি (in kind) |
| ৯। | প্রকল্পের প্রধান উদ্দেশ্য | : | |
| ১০। | প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলির সংক্ষিপ্ত বিবরণ | : | |
| ১১। | প্রকল্প এলাকা | : | |

কর্মকর্তার স্বাক্ষর ও
নামঃ

তারিখঃ
সীল